

৫৩  
MAM

## জগন্নাথ ভার্টিসি আইন সংশোধনের উদ্যোগ

মহিউদ্দিন আহমেদ : রাজধানীর পুরনো ঢাকায় অবস্থিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন সংশোধনের উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আইনের যে কয়েকটি ধারা বিশ্ববিদ্যালয়টির কর্মগতির পথে বাধা হয়ে দাঁড়িয়েছে ওই কয়েকটি ধারাই সংশোধন করা হবে বলে জানিয়েছেন উপাচার্য প্রফেসর এসআই খান। তিনি বলেন, উপাচার্য হিসেবে দায়িত্ব নেয়ার পর থেকে বিশ্ববিদ্যালয় আইনের কিছু ধারার কারণে বিশ্ববিদ্যালয়টি পরিচালনায় হিমশিম খাচ্ছি আমরা। একই কারণে বার বার সাধারণ শিক্ষার্থীদের আন্দোলনের মুখেও পড়তে হচ্ছে কর্তৃপক্ষকে। তাই ওই সব ধারা সংশোধনের জন্য মন্ত্রণালয়ে আবেদন করা হবে। উপাচার্য বলেন, এই লক্ষ্যে আমরা কার্যক্রম শুরু করেছি। আগা করি বর্তমান নিরপেক্ষ সরকারের আমলেই কাজটা শেষ করা যাবে। তিনি জানিয়েছেন, কি কারণে আইন সংশোধন করা হবে, কেন সংশোধন করা হবে এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের গণসংযোগ কর্মকর্তা সৈয়দ ফারুক হোসেনসহ দু'জনকে দায়িত্ব দেয়া হয়েছে। সূত্র মতে, ২০০৫ সালের ১ জানুয়ারি দ্বিতীয় সপ্তদে বিশপাস হওয়ার পর পুরনো ঢাকার ঐতিহ্যবাহী জগন্নাথ কলেজেই জগন্নাথ বিশ্ববিদ্যালয় নাম নিয়ে দেশের আরেকটি উচ্চশিক্ষার প্রতিষ্ঠান হিসেবে যাত্রা শুরু করেন। অনেক ঢাক-ঢোল বাজিয়ে কার্যক্রম শুরু করলেও দেশের ওন্দ্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় এখনও অনেকটা পিছিয়ে রয়েছে এই শিক্ষা প্রতিষ্ঠানটি।